গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়
কক্সবাজার।
www.rrrc.gov.bd

স্মারক নং-৫১.০৪.২২০০.০০১.১১.০০৯.২১- ৬৫৭০ তারিখ: ০১ আগস্ট ২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মানবিক সহায়তা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয় এবং এর নিয়ন্ত্রণাধীন ক্যাম্পের (কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় এবং নোয়াখালী জেলার ভাসানচরে স্থাপিত ক্যাম্প) জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইউএনএইচসিআর হতে অর্থায়ন প্রাপ্তিসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে বিভিন্ন পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম | শূণ্য পদে সংখ্যা | বেতন (সাকুল্যে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কেয়ার এন্ড মেইনটেনেন্স অফিসার | ১২ | ৩৫,০০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point কাজে পারদর্শী হতে হবে। |
| ২। | সিনিয়র রিপোটিং এবং মনিটরিং সহকারী | ০১ | ৩৪,২০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |
| ৩। | কমিউনিটি মোবিলাইজেশন সহকারী | ০৯ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |
| ৪। | ইনফরমেশন সহকারী | ০৮ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |
| ৫। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |
| ৬। | হিসাব সহকারী | ০১ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে বাণিজ্যে বিভাগে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | ফ্লিট এসিস্ট্যান্ট/পরিবহন সহকারী | ০১ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। যানবাহন ব্যবস্থাপনা এবং গাড়ির যন্ত্রাংশ সম্পর্কে অভিজ্ঞতা থাকতে হবে (ডিপ্লোমা ইন মেকানিক্যাল পাশ প্রার্থী অগ্রাধিকার পাবেন)। |
| ৮। | পিএ টু আরআরআরসি/এআরআরআরসি | ০২ | ২৭,৬০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে স্নাতক পাশ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। যেমন: Ms word, Ms excel, Ms power point, Data Entry এবং টাইপিং স্পীড বাংলা মিনিটে ২০ ওয়ার্ড ও ইংরেজিতে মিনিটে ৩০ ওয়ার্ড। |
| ৯। | ওয়াটার কোয়ালিটি সুপারভাইজার | ০১ | ৩৫,০০০/- | সরকারী প্রতিষ্ঠান/সরকারীভাবে স্বীকৃত প্রতিষ্ঠান হতে বিজ্ঞানে স্নাতক পাশ, পানির গুনগত মান, হাইজিন ও ওয়াশ বিষয়ে অভিজ্ঞ। |
| ১০। | অফিস সহায়ক | ০৮ | ১৯,৫০০/- | এসএসসি পাশ। |
| ১১। | ওয়াটার সহকারী কাম প্লাম্বার | ০১ | ২০,৬০০/- | এসএসসি পাশ (সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে)। |
| ১২। | পাম্প অপারেটর | ০২ | ২১,৫০০/- | এসএসসি পাশ (সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে)। |
| ১৩। | গাড়ি চালক | ০৭ | ২৭,৬০০/- | এসএসসি পাশ (নবায়নকৃত গাড়ী ড্রাইভিং ও ০৫ বছরের গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা)। |
| ১৪। | ট্রাক হেল্পার | ০১ | ১৯,৫০০/- | এসএসসি পাশ (সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে)। |
| ১৫। | গার্ড | ১০ | ১৯,৫০০/- | এসএসসি পাশ |
| ১৬। | ক্লিনার | ১১ | ১৯,৫০০/- | এসএসসি পাশ |

(ক) আবেদনপত্র শরনার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার বরাবর দাখিল করতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও জন্ম তারিখ, মোবাইল নম্বার উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতার সনদপত্র, জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্র, ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ও সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়ন করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। চাকরির আবেদন ফরম www.rrrc.gov.bd ডাউনলোড করে পূরণপূর্বক শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীর বয়স ৩১ জুলাই ২০২২ খ্রি. তারিখ সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩৫ বৎসর হতে হবে। আগামী ২৮ আগস্ট ২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার এর কার্যালয়, মোটেল রোড, কক্সবাজার এর ঠিকানায় ডাক যোগে এবং সরাসরি আবেদন পত্র জমা দেয়া যাবে। **খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।**

(গ) লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের কোনও টিএ/ডিএ প্রদান করা হবে না। নিয়োগের বিষয়ে যে কোনও সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। স্বাক্ষাৎকারের তারিখ ও সময় পত্র জারি/ফোনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ফেরত খাম (প্রার্থীর বর্তমান ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

(ঘ) এটি সরকারি চাকরি নয়। এ নিয়োগের মেয়াদ ৩১ শে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। সন্তোষজনক কাজের ভিত্তিতে এবং কেবলমাত্র UNHCR হতে বছরভিত্তিক চুক্তির আওতায় অর্থ প্রাপ্তিসাপেক্ষে চাকরির মেয়াদ নির্ধারিত হবে। প্রতি বছর শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের সাথে চুক্তি স্বাক্ষর সাপেক্ষে চাকুরির মেয়াদ বৃদ্ধি পাবে।

(ঙ) বর্ণিত মানবিক সহায়তা কার্যক্রম বন্ধ হলে বা অর্থসংস্থান না হলে বা সংশ্লিষ্ট কর্মচারীর সাথে চুক্তি সম্পাদন না করা হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

(চ) এ নিয়োগ ভবিষ্যতে কোনও সরকারি পদে নিয়োগ, বদলী বা আত্তীকরণের নিশ্চয়তা বহন করে না।

(ছ) কর্তৃপক্ষ কোনও কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনও সময় নিয়োগ প্রদান ও বাতিলের পূর্ণ কর্তৃত্ব সংরক্ষণ করেন।

(জ) নিয়োগের জন্য সুপারিশকৃত কর্মচারী কর্তৃপক্ষের সাথে বছরভিত্তিক চুক্তি স্বাক্ষর ব্যতিরেকে কোনোভাবেই আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

(ঝ) পদের সংখ্যা কম/বেশি করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১/৮/২০২২

শাহ্ রেজওয়ান হায়াত
(অতিরিক্ত সচিব)
শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
ফোনঃ ০৩৪১-৬৩৫১৩

স্মারক নং-৫১.০৪.২২০০.০০১.১১.০০৯.২১- ৬৫৯০ তারিখ: ০১ আগস্ট ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: কার্যার্থে:

২। সম্পাদক, দৈনিক. . ........................................................। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত দৈনিক ........................................................ পত্রিকায় আগামী.........................খ্রি. তারিখের মধ্যে স্বল্প পরিসরে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ সামছু-দ্দৌজা
(উপ-সচিব)
অতিরিক্ত শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার
ফোন নং - ০৩৪১-৬৩৬৮০